

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 01-02-2025
Time: 07:58-08:10 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় ২০২৫-২৬ অর্থবছরের জন্য ৩৪ দশমিক ৯৬ লক্ষ কোটি টাকার বাজেট পেশ করেছেন ।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে এবছরের কেন্দ্রীয় বাজেট ১৪০ কোটি ভারতীয়দের আকাঙ্ক্ষা পূরণে সরকারের প্রতিশ্রুতি প্রতিফলিত হয়েছে ।
- (৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা কেন্দ্রীয় বাজেটকে বিকশিত ভারত নির্মাণের জন্য প্রধানমন্ত্রীর পরিকল্পিত দিশা বলে অভিহিত করেছেন ।
- (৪) উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের পঞ্চম দিনে শেষ খবর পর্যন্ত মোট ১০০টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে ।

Budget-2025 :

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় ২০২৫-২৬ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন। ৩৪ দশমিক ৯৬ লক্ষ কোটি টাকার বাজেট পেশ করে অর্থমন্ত্রী বলেন যে বিশ্বের অন্যান্য ক্রমবর্ধমান অর্থনীতির মধ্যে ভারতের অর্থনীতি সবচেয়ে দ্রুত বর্ধনশীল। তিনি বলেন যে প্রস্তাবিত বাজেটে ১০টি বিস্তৃত ক্ষেত্রে আলোকপাত করা হয়েছে এবং এই বাজেটের লক্ষ্য সবাইকে একটি অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির পথে নিয়ে যাওয়া। শ্রীমতি

সীতারামন বলেন যে এই বাজেটটি প্রবৃদ্ধি ত্বরান্বিত করার জন্য নিবেদিত ও 'বিকশিত ভারতের' জন্য আমাদের আকাঙ্ক্ষা দ্বারা চালিত।

#####Byte-Estimate#####

শ্রীমতি সীতারামন বলেন, সরকার ডাল উৎপাদনে আত্মনির্ভরতা অর্জনের জন্য ৬ বছরের একটি মিশন চালু করবে। তিনি ঘোষণা করেন যে উৎপাদন ও বিপণনের উন্নতির জন্য একটি মাথানা বোর্ড প্রতিষ্ঠা করা হবে এবং উচ্চ ফলনশীল বীজের উপর একটি জাতীয় মিশনও চালু করা হবে। তিনি বলেন, উন্নয়নের যাত্রায় চারটি চালিকা শক্তি হচ্ছে কৃষি, এমএসএমই, বিনিয়োগ এবং রপ্তানি। তিনি বলেন, এমএসএমইকে মেয়াদী ঋণ ২০ কোটি টাকায় উন্নীত করা হবে। কৃষিক্ষেত্রে আত্মনির্ভর ভারতের দিকে নজর দেওয়া হয়েছে। কিশান ক্রেডিট কার্ডে ঋণের পরিমাণ বাড়ানো হয়েছে।

#####Byte-Kishan#####

অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে তফশিলী জাতি ও উপজাতি মহিলা প্রথমবারের উদ্যোক্তাদের জন্য আগামী পাঁচ বছরে ২ কোটি টাকা পর্যন্ত মেয়াদী ঋণ সহ নতুন প্রকল্প চালু করা হবে।

শ্রীমতি সীতারামন বলেন, স্কুলগুলিতে ৫০ হাজার অটল টিঙ্কারিং ল্যাব স্থাপন করা হবে। তিনি বলেন, সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ব্রডব্যাল্ড সংযোগ দেওয়া হবে। অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে এআই শিক্ষার জন্য একটি সেন্টার অফ এক্সিলেন্স স্থাপন করা হবে। তিনি ঘোষণা করেন যে আগামী তিন বছরের মধ্যে ক্যান্সার চিকিৎসার জন্য সব জেলায় ক্যান্সার সেন্টার এবং ডে-কেয়ার সেন্টার স্থাপন করা হবে।

#####Byte-Daycare Cancer#####

১০০ শতাংশ সাফল্য অর্জনের জন্য, জল জীবন মিশনের মেয়াদ ২০২৮ সাল পর্যন্ত বাড়ানোর ঘোষণা দেয়া হয়েছে।

#####Byte- Jal Jivan Mission#####

২০ হাজার কোটি টাকা ব্যয়ে ছোট মডুলার নিউক্লিয়ার রিঅ্যাক্টর স্থাপন করা হবে। দেশের ১২০টি নতুন গন্তব্যকে সংযুক্ত করতে পরিবর্তিত উড়ান প্রকল্প চালু করা হবে।

#####Byte-Udan North East#####

তিনি বলেন যে মেডিকেল কলেজগুলিতে ১০ হাজার অতিরিক্ত আসন সৃষ্টি করা হবে এবং বেসরকারী ক্ষেত্রের সঙ্গে অংশীদারিত্বে মেডিকেল ট্যুরিজম অ্যান্ড হিল ইন ইন্ডিয়া নীতি প্রচার করা হবে।

#####Byte-Medical Education#####

এবারের বাজেটে মধ্যবিত্তদের জন্য বিশেষ সুবিধার প্রস্তাব রয়েছে। ব্যক্তিগত আয়কর দাতাদের ক্ষেত্রে আয়কর ছাড় ১২ লক্ষ টাকা পর্যন্ত করার প্রস্তাব করা হয়েছে। স্ট্যান্ডার্ড ডিডাকশন ৭৫হাজার টাকা রাখা হয়েছে।

বাজেটে কর কাঠামো সংক্রান্ত প্রস্তাব এইরকম:

৪ লক্ষ টাকা পর্যন্ত আয়ের জন্য কোনো কর লাগবে না। ৪থেকে ৮লক্ষ টাকা আয়ের ব্যক্তিদের জন্য ৫শতাংশ কর দিতে হবে। ৮থেকে ১২ লক্ষ টাকার স্ল্যাবের জন্য ১০ শতাংশ কর দিতে হবে। ১২ থেকে ১৬লক্ষ টাকা আয় পর্যন্ত ১৫ শতাংশ, ১৬ থেকে ২০ লক্ষ টাকা পর্যন্ত আয়ের ক্ষেত্রে ২০ শতাংশ হারে কর দিতে হবে। ২০ থেকে ২৪লক্ষ টাকা উপার্জনকারীদের জন্য ২৫শতাংশ এবং ২৪ লক্ষ টাকার উপরে আয়ের ক্ষেত্রে ৩০শতাংশ করের প্রস্তাব করা হয়েছে। তিনি জোর দিয়ে বলেন যে নতুন কাঠামোটি মধ্যবিত্তের কর উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে এবং তাদের হাতে আরও অর্থ আসবে, পরিবারের সঞ্চয় এবং বিনিয়োগকে বাড়িয়ে তুলবে। এই প্রস্তাবগুলির ফলে, সরকারের প্রত্যক্ষ করের প্রায় ১লক্ষ কোটি টাকা এবং পরোক্ষ করের ২৬০০কোটি টাকা রাজস্ব কম হবে ।

সারা দেশে ৮ কোটিরও বেশি শিশু, ১ কোটি গর্ভবতী মহিলা এবং স্তন্যদানকারী মা এবং উচ্চাকাঙ্ক্ষী জেলা এবং উত্তরপূর্বাঞ্চলে প্রায় ২০ লক্ষ কিশোরীকে পুষ্টি সহায়তা প্রদানকারী সক্ষম অঙ্গনওয়াড়ি এবং পোষণ দ্বিতীয় পর্বের অধীনে পুষ্টি সহায়তার জন্য ব্যয়ের নিয়মগুলি যথাযথভাবে বৃদ্ধি করা হবে। ।

PM on Budget :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে এবছরের কেন্দ্রীয় বাজেট ১৪০ কোটি ভারতীয়দের আকাঙ্ক্ষা পূরণে সরকারের প্রতিশ্রুতি প্রতিফলিত হয়েছে। বাজেট-পরবর্তী বার্তায় প্রধানমন্ত্রী বলেন, এই বাজেট ভারতের উন্নয়ন যাত্রায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। তিনি বলেছেন যে এই বাজেট দেশে সঞ্চয়, বিনিয়োগ, ভোগ্যপণ্যের ব্যবহার এবং প্রবৃদ্ধি বাড়াবে।

#####Byte-PM Reaction#####

Budget-reaction :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা কেন্দ্রীয় বাজেটকে বিকশিত ভারত নির্মাণের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পরিকল্পিত দিশা বলে অভিহিত করেছেন। এই বাজেট প্রধানমন্ত্রীর আত্মনির্ভর ভারতের প্রতিচ্ছবি।

এদিকে, সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন, এবারের বাজেট মধ্যবিত্ত এবং নিম্নবিত্ত নাগরিকদের উন্নত জীবনযাত্রার পাশাপাশি সমাজের সকল অংশের মানুষের আকাঙ্ক্ষার প্রতিফলন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Budget reaction :

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন যে কেন্দ্রীয় বাজেট ২০২৫ বিকশিত ভারতের নকশা তৈরি করেছে। সামাজিক মাধ্যমে তিনি বলেন যে এর মূলে বৃদ্ধি, অন্তর্ভুক্তি এবং উদ্ভাবন, কৃষক থেকে ফিনটেক, এমএসএমই থেকে এআই পর্যন্ত সবকিছুই রয়েছে।

বেশ কয়েকজন বিজেপি সাংসদ এবং জোট সদস্যরা কেন্দ্রীয় বাজেটকে স্বাগত জানিয়ে বলেছেন যে এতে মধ্যবিত্ত ও দরিদ্রদের সহায়ক অনেক প্রস্তাব এবং সুবিধা রয়েছে। কৃষিমন্ত্রী, শিবরাজ সিং চৌহান বলেছেন যে এই বাজেট ভারতকে একটি স্বয়ংসম্পূর্ণ দেশ হিসাবে গড়ে তোলার জন্য এবং কৃষিকে অগ্রাধিকার দেওয়ায় এটি দেশের অর্থনীতির মেরুদণ্ড গঠন করতে সহায়ক হবে।

কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেছেন যে বাজেটটি প্রধানমন্ত্রী, নরেন্দ্র মোদীর লক্ষ্য এবং বিকশিত ভারত মিশনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

বিরোধী দলের একাধিক নেতা সরকারের সমালোচনা করে বলেছেন, বাজেটে দেশের মধ্যবিত্ত ও তরুণদের জন্য কিছুই

নেই। ডিএমকে সাংসদ দয়ানিধি মারান বাজেটে মধ্যবিত্তকে উপেক্ষা করার অভিযোগ করেছেন। তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেছেন যে বাজেটে মধ্যবিত্তের জন্য কিছুই নেই, এবং সরকার কেবল জনসাধারণকে প্রতারণা করার চেষ্টা করছে। কংগ্রেস সাংসদ গৌরব গগৈ বলেছেন এই বাজেট জনবিরোধী। গরীব ও কৃষকের জন্য এই বাজেটে কিছু নেই।

#####Byte-MP Gaurav Gogoi#####

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা অভিযোগ করেছেন, বাজেটে ত্রিপুরাকে বঞ্চিত করা হয়েছে। এই রাজ্যের স্বার্থে বাজেটে কোনো নতুন প্রকল্প প্রস্তাব করা হয়নি।

সাংসদ রাজীব ভট্টাচার্য্য বলেন, এই বাজেট রাষ্ট্রকে পূর্ণনির্মাণ করতে সহায়ক ভূমিকা পালন করবে।

#####Byte-Rajib Bhattacharjee#####

সংসদে আজ উপস্থাপিত বাজেট প্রস্তাবের বিষয়ে ইতিবাচক প্রতিক্রিয়া উনকোটি জেলা সদর কৈলাশহরে। সমাজের নানা স্তরের নাগরিকরা এই বাজেটকে স্বাগত জানিয়ে একে নাগরিক প্রত্যাশার প্রতিফলন বলে মত ব্যক্ত করেন। বিশেষ করে জীবনদায়ী ঔষধে পাঁচ শতাংশ শুল্ক প্রত্যাহার, ৩৬টি ক্যান্সারের ঔষধে শুল্ক প্রত্যাহার, কিশান ক্রেডিট কার্ডের সীমা তিন লক্ষ থেকে বাড়িয়ে পাঁচ লক্ষ টাকা করা, ২০২৮ সাল অব্দি "জল জীবন মিশন" চালু রাখা প্রস্তাবে খুশির আবহ কৈলাশহরে। অধ্যাপিকা ও বিশিষ্ট কবি বিধাত্রী দাম এবারকার বাজেটের প্রশংসা করেছেন।

#####Byte-Bidhatri Dam#####

আইনজীবী বিদ্যুৎ দত্ত বলেন, এই বাজেট চাকুরীজীবীদের জন্য সুসংবাদ বয়ে এনেছে।

#####Byte-Advocate Bidyut Datta#####

খোয়াই থেকে ক্ষুদ্র ব্যবসায়ী সুখেন অধিকারী বলেন, এবারের বাজেট নিঃসন্দেহে জনকল্যানমুখী।

Byte-Sukhen Adhikari#####

অধ্যাপিকা পারমিতা সাহা বাজেটে আয়করের উপর ছাড়ের বিষয় নিয়ে সন্তোষ প্রকাশ করেন।

#####Byte-Parmita Saha#####

Under-15 Cricket :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় আজ চারটি খেলা হয়। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে চাম্পামুড়া কোচিং সেন্টার ২৬১ রানে দশমীঘাট কোচিং সেন্টারকে, নেপকো মাঠে এডি নগর কোচিং সেন্টার ১৩৮ রানে জিবি কোচিং সেন্টারকে, নোয়াবাদী মাঠে জুয়েলস কোচিং সেন্টার ৫ উইকেটে তরুণ সংঘ কোচিং সেন্টারকে এবং আশ্বেদকর মাঠ প্রগতি প্লে সেন্টার ৮ উইকেটে শতদল সংঘ কোচিং সেন্টারকে পরাজিত করে।

Congress-Sonamura :

প্রদেশ কংগ্রেসের মাইনরিটি ডিপার্টমেন্টের রাজ্য কনভেনশন আজ সোনা মুড়া টাউন হলে অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মণ। তারা বলেন, কেন্দ্রে কংগ্রেসের শাসনকালে খাদ্য নিরাপত্তা, বনাধিকার আইন, তথ্য জানার আইন, মিড-ডে-মিল সহ বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প চালু হয়েছে। অর্থনৈতিক সংস্কারের মাধ্যমে দেশকে দিশা দেখিয়েছে। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস

মাইনরিটি ডিপার্টমেন্টের চেয়ারম্যান রুহুল আমিন, সোনামুড়া জেলা কংগ্রেস সভাপতি দীপক চক্রবর্তী।

Ranji Trophy :

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় মহারাষ্ট্রের বিরুদ্ধে ত্রিপুরা পরাজয় এড়াতে লড়াই করছে। সোলাপুরের ইন্দিরা গান্ধী স্টেডিয়ামে ৩ উইকেটে ২৩৫ রান থেকে তৃতীয় দিনে খেলতে নেমে স্বাগতিক মহারাষ্ট্র প্রথম ইনিংসে লিড নিয়ে সবকটি উইকেট হারিয়ে ৪১৮ রান করে। ১৪৮ রানে পিছিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ১৩৫ রান সংগ্রহ করে। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে ২৭০ রান করেছিল। আগামীকাল খেলার শেষ দিন।

National Games :

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের পঞ্চম দিনে শেষ খবর পর্যন্ত মোট ১০০টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এর মধ্যে ১৪টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ১৩টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ১১টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে। শ্যুটিং-এর দলগত মিক্সড ইভেন্টে পাঞ্জাব স্বর্ণপদক পায়। তামিলনাড়ুর এন. অজিত পুরুষদের ভারোগোলনের ৭৩ কেজি বিভাগে তিনটি নতুন রেকর্ড করে ইতিহাস গড়ে স্বর্ণপদক জয়ের হ্যাটট্রিক করেন। রাগবিতে হরিয়ানা পুরুষ বিভাগে ও উড়িষ্যা মহিলা বিভাগে স্বর্ণপদক পায়।

Naidu Trophy :

ত্রিপুরা ও উত্তরাখণ্ডের মধ্যে কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে আগরতলায়

শুরু হয়েছে। এম বি বি স্টেডিয়ামে টসে হেরে প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ২৭২ রান সংগ্রহ করে। দলের পক্ষে ঋতুরাজ ঘোষ রায় ৬০ রান করে।
